



দক্ষিণ এশিয়ার জাহাজ নির্মাণ শিল্পে নেতৃত্বের দ্বারপ্রান্তে বাংলাদেশ: শিল্প উপদেষ্টা



সংগৃহীত ছবি

বাংলাদেশে জাহাজ নির্মাণ শিল্প দ্রুত বিকাশ লাভ করছে এবং আন্তর্জাতিক মানের জাহাজ রপ্তানির মাধ্যমে নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন করেছে। শিল্প উপদেষ্টা আদিলুর রহমান খান বলেছেন, দক্ষিণ এশিয়ার মেরিটাইম টেকনোলজিতে নেতৃত্ব দেয়ার সুযোগ এখন বাংলাদেশের সামনে। তিনি উল্লেখ করেন, পোশাক শিল্পের পর রপ্তানিতে বড় অবদান রাখতে পারে জাহাজ নির্মাণ খাত।

রাজধানীর ইন্টারকন্টিনেন্টালে শনিবার (১৬ আগস্ট) ইন্টারন্যাশনাল বিজনেস ফোরাম অফ বাংলাদেশের এক সেমিনারে বক্তব্য রাখেন শিল্প উপদেষ্টা আদিলুর রহমান খান। তিনি বলেন, বাংলাদেশের বেসরকারি খাতে জাহাজ নির্মাণ শিল্প উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। ইতোমধ্যেই আন্তর্জাতিক মানসম্পন্ন জাহাজ তৈরি ও রপ্তানি করে দেশটি বিশ্ব বাজারে সুনাম অর্জন করেছে।

তিনি আরও বলেন, “এখন প্রযুক্তি অনেক উন্নত হয়েছে। পরিবেশের ক্ষতি না করেই জাহাজ শিল্পের সর্বোচ্চ বিকাশ ঘটানো সম্ভব। ফলে এই খাতটি পোশাক শিল্পের পর রপ্তানির আরেকটি বড় খাতে পরিণত হতে পারে।”

সেমিনারে প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরী বলেন, তৈরি পোশাক মালিকরা পূর্ববর্তী সরকারের সময় নীতিনির্ধারণে প্রভাব বিস্তার করেছিলো বলে কেবল এ খাতটিই এগিয়ে যায়। কিন্তু পোশাক খাতকে বেশি গুরুত্ব দেয়ার কারণে অন্য শিল্প খাতগুলো পিছিয়ে পড়ে। তিনি জাহাজ নির্মাণসহ বহুমুখী শিল্প খাতের সমান গুরুত্ব দেয়ার আহ্বান জানান।